পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**উপক্রমণিকা**

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা

# প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিজ আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে গবাদিপশু, হাঁসমুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০১৫-১৬ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৬৬% এবং প্রবৃদ্ধির হার ৩.২১% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৬)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান প্রায় ১৪.২১% (প্রাক্কলিত)। তাছাড়া ২০১৫-১৬ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৩২,৯১০ কোটি টাকা (প্রাক্কলিত) যা বিগত ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ৩০২৩ কোটি টাকা বেশী (বিবিএস, ২০১৫-১৬)। ২০১৫-১৬ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৩১৭.৮৬ কোটি টাকা (ইপিবি, ২০১৪-১৫)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। অধিকন্ত প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ৩৬.১১%, ১৯.৪৬% ও ১৭.১৬% বৃদ্ধি পেয়েছে। বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১০৬.২১ গ্রাম/দিন, ১২৫.৫৯ মি.লি/দিন ও ৭৫.০৬ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৪৫.২০ | ৫৮.৬০ | ৬১.৫২ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৬০.৯০ | ৬৯.৭০ | ৭২.৭৫ |
| ডিম (কোটি) | ১০১৬.৮০ | ১০৯৯.৫২ | ১১৯১.২৪ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভিশন ২০২১ অনুযায়ী জনপ্রতি দুধ, মাংস ও ডিমের চাহিদার লক্ষমাত্রা যথাক্রমে ১৫০ মিলি/দিন, ১১০ গ্রাম/দিন ও ১০৪টি/বছর পুরণের জন্যে প্রাণিসম্পদ অধিদপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। ২০২০-২১ সালের মধ্যে কাংখিত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে দুধ, মাংস ও ডিম উৎপাদন যথাক্রমে ৯২.৯৭, ৬৮.১৮ লক্ষ মেট্রিক টন এবং ১৭৬৬ কোটিতে উন্নীতকরণ। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন। দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন ব্রাহমা গরুর জাত সংযোজন। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন। তা'ছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ।

**২০১৭- ১৮ অর্থ বছরে প্রধান সম্ভাব্য অর্জনসমূহঃ**

- গবাদিপশুর উৎপাদনশীলতার বৃদ্ধির মাধ্যমে দুধ, মাংস এবং ডিমের উৎপাদন যথাক্রমে ৮২.২০ লক্ষ মেট্রিক টন, ৬৪.১০ লক্ষ মেট্রিক টন এবং ১৪৪০.৫১ কোটিতে উন্নীত করা;
- রোগ প্রতিরোধে ২৩.২০ কোটি টিকা উৎপাদন এবং ২২.৫০ কোটি গবাদিপশু-পাখিকে কে টিকা প্রদান;
- গবাদিপশু-পাখির দ্রুত রোগ নির্ণয়ে ৬৫২০০ নমুনা পরীক্ষা করা;
- প্রায় ১.০০ কোটি রোগাক্রান্ত গবাদিপশু ও ৮.৫০ কোটি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান;
- গবাদিপশুর জাত উন্নয়নে দেশব্যাপি প্রায় ৩৫.০০ লক্ষ গাভী কে কৃত্রিম প্রজনন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ১৮,০০০ উঠান বৈঠক পরিচালনা করা;
- গবাদিপশু ও হাঁসমুরগির খাদ্যে ও অন্যান্য প্রাণিজাত পন্যের গুনগত মান নিয়ন্ত্রণে ৫০ টি মোবাইল কোর্ট পরিচালনা করা।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের..........................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision) :**

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

**১.২ অভিলক্ষ্য (Mission) :**

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

**১.৩.১** অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

৩. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৪. প্রাণিজাত পণ্য উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা ।

৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. কার্যাপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

**১.৪ কার্যাবলি (Functions):**

১.৪.১ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা ।

১.৪.২ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

১.৪.৩ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ।

১.৪.৪ গবাদিপশু-পাখির পুষ্টি উন্নয়ন ।

১.৪.৫ গবাদিপশু-পাখির জাত উন্নয়ন ।

১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মূদ্রা অর্জন ।

১.৪.৭ গবাদিপশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪.৮ গবাদিপশু-পাখির কৌলিকমাণ সংরক্ষণ ও উন্নয়ন।

১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন।

১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবংবাস্তবায়ন ।

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

## সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | ওজন (মিলি/দিন) | ১২২.০০ | ১২৫.৫৯ | ১৩১.০৫ | ১৩৬.২৫ | ১৪১.২৯ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | ওজন (গ্রাম/দিন) | ১০২.৬২ | ১০৬.২১ | ১০৬.৮০ | ১০৭.৫০ | ১০৮.২০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | সংখ্যা/বছর | ৭০.২৬ | ৭৫.০৬ | ৮১.৩৪ | ৮৭.১৬ | ৯২.৮১ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| জাতীয় রপ্তানিতে প্রাণিসম্পদ পণ্যের আয় বৃদ্ধি | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ৪৩১৭.৮৬ | ৪৪০৪.২২ | ৪৪৪৯.৩০ | ৪৫৮২.১৫ | ৪৬৭৩.৭৯ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর প্রতিবেদন। |

*সাময়িক

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ
(মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১.গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ১৯.০০ | ১.১ সরকারিভাবে গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | উৎপাদিত সিমেন | মাত্রা (লক্ষ) | ৪.০০ | ৪১.৫০ | ৪০.০০ | ৪০.২০ | ৪০.০০ | ৩৯.৮০ | ৩৯.৬০ | ৩৯.৪০ | ৪০.৮০ | ৪১.৬২ |
| | | ১.২ সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৩৪.৫৪ | ৩৪.৫০ | ৩৫.০০ | ৩৪.০০ | ৩৩.০০ | ৩২.০০ | ৩১.০০ | ৩৫.২০ | ৩৫.৪০ |
| | | ১.৩ ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজনন কৃত ছাগী | সংখ্যা | ১.০০ | ২৩২৮ | ২২০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২১০০ | ২০০০ | ২৪৫০ | ২৫০০ |
| | | ১.৪ সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুর | সংখ্যা | ১.০০ | ৫০০ | ৫৭৫ | ৫৮০ | ৫৬০ | ৫৪০ | ৫২০ | ৫০০ | ৫৮৭ | ৫৯৯ |
| | | ১.৫ সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | তথ্য সংগৃহীত বাছুর | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১১.৮৫ | ১১.০০ | ১১.২০ | ১১.০০ | ১০.৮০ | ১০.৬০ | ১০.৪০ | ১১.৩০ | ১১.৪০ |
| | | ১.৬ সরকারি খামারে ছাগলের বাচ্চার উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সংখ্যা | ১.০০ | ১১৯৫ | ১২০০ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ১৪০০ | ১৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | ১.৭ সরকারি খামারে একদিনের হাঁস মুরগির বাচ্চা উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ২২.৪৪ | ২৩.২৭ | ৩৭.০০ | ৩৫.০০ | ৩৩.০০ | ৩১.০০ | ২৯.০০ | ৩৭.২০ | ৩৭.৪০ |
| | | ১.৮ সরকারিভাবে পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুণা | সংখ্যা | ২.০০ | ২৮০৬ | ২৮০০ | ২৮১০ | ২৮০০ | ২৭৯০ | ২৭৮০ | ২৭৭০ | ২৮৫০ | ২৯০০ |
| ২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ৩০ | ২.১ সরকারিভাবে টিকা উৎপাদন | উৎপাদিত টিকা | মাত্রা (কোটি) | ৬.০০ | ২৩.৬৪ | ২৩.০০ | ২৩.২০ | ২২.০০ | ২১.০০ | ২০.০০ | ১৯.০০ | ২৩.৪০ | ২৩.৬০ |
| | | ২.২ সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | সংখ্যা (কোটি) | ৬.০০ | ২৪.১৭ | ২২.০০ | ২২.৫০ | ২২.০০ | ২১.৫০ | ২১.০০ | ২০.৫০ | ২২.৬০ | ২২.৭০ |
| | | ২.৩ রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুণা | সংখ্যা | ৪.০০ | ৬৬৬২৪ | ৬৫০০০ | ৬৫২০০ | ৬৫০০০ | ৬৪৮০০ | ৬৪৬০০ | ৬৪৪০০ | ৬৫৫০০ | ৬৫৭০০ |
| | | ২.৪ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | সংখ্যা (কোটি) | ৪.০০ | ১.০৮ | ১.৯৮ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ০.৭০ | ০.৬০ | ১.১০ | ১.২০ |
| | | ২.৫ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগি | সংখ্যা (কোটি) | ৪.০০ | ৮.০২ | ৭.৮২ | ৮.৫০ | ৮.৪০ | ৮.৩০ | ৮.২০ | ৮.১০ | ৮.৬০ | ৮.৭০ |
| | | ২.৬ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | সংখ্যা | ৩.০০ | - | ১৭৯১৫ | ৩০০০০ | ২৮০০০ | ২৬০০০ | ২৪০০০ | ২২০০০ | ৩০৫০০ | ৩১০০০ |
| | | ২.৭ গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | - | ৩৬৪০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ৪১০০ | ৪২০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ৩. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৫ | ৩.১ খামারি প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত খামারী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | - | - | ১.০০ | ০.৮০ | ০.৬০ | ০.৪০ | ০.২০ | ১.২০ | ১.৪০ |
| | | ৩.২ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | সংখ্যা | ৪.০০ | - | - | ১৮০০০ | ১৭০০০ | ১৬০০০ | ১৫০০০ | ১৪০০০ | ১৯০০০ | ২০০০০ |
| | | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | - | ০.৭৩ | ১.৮০ | ১.৬০ | ১.৪০ | ১.০০ | ০.৬০ | ১.৯০ | ২.০০ |
| | | ৩.৩ ঘাস চাষ সমপ্রসারণ | ঘাস চাষকৃত জমি | একর | ৩.০০ | ৬৭৯.৪০ | ৬৯৩.৬০ | ৭০০ | ৬০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ৭২০ | ৭৪০ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১২.০০ | ৪.১ পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ৪.০০ | ৩৭৯২৫ | ৪০০০০ | ৪০৫০০ | ৪০০০০ | ৩৯৫০০ | ৩৯০০০ | ৩৮৫০০ | ৪০৬০০ | ৪০৭০০ |
| | | ৪.২ খামার রেজিষ্ট্রেশন (পোল্ট্রি) | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ২.০০ | ১১১ | ১৫০ | ১৬০ | ১৫০.০০ | ১৪০.০০ | ১৩০.০০ | ১২০.০০ | ১৫৩.০০ | ১৫৬.০০ |
| | | ৪.৩ খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু) | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ২.০০ | ১২৯ | ১৪০ | ১৫০ | ১৪০.০০ | ১৩০.০০ | ১২০.০০ | ১১০.০০ | ১৫৩.০০ | ১৫৬.০০ |
| | | ৪.৪ ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিষ্ট্রেশন | রেজিষ্ট্রিকৃত ফিডমিল এবং প্রতিষ্ঠান | সংখ্যা | ২.০০ | - | - | ৩৬ | ৩৪ | ৩২ | ৩০ | ২৮ | ৩৭ | ৩৮ |
| | | ৪.৫ পশুখাদ্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ২.০০ | - | - | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ১০ | ৫২ | ৫৪ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| ৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন | ৪.০০ | ৫.১ সরকারিভাবে প্রজনন পাঁঠা বিতরন | বিতরনকৃত পাঁঠা | সংখ্যা | ২.০০ | - | ৪০০ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪১০ | ৪৬০ | ৪৭০ |
| | | ৫.২ সরকারিভাবে কেনডিডেট বুল তৈরী | তৈরীকৃত বুল | সংখ্যা | ২.০০ | - | ২০ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২৭.০০ | ২৯.০০ |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠ পর্যায়ে কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটির নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটির নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩ টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP -সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিস্পত্তি | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তি হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................ ২০।০৬।২০১৭
............................................

মহাপরিচালক
প্রানিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

তারিখ

২০/৬/১৭
............................................ ............................................

সচিব
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়।

তারিখ

সংযোজনী-১

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| ৬. | এফএও | খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization) |
| ৭. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৮. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৯. | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| ১০. | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |

## সংযোজনী -২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সরকারিভাবে গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | উৎপাদিত সিমেন | অধিক দুগ্ধ উৎপাদন বৈশিষ্ট্য সম্বলিত সুপেরিয়র ষাঁড় হতে সিমেন উৎপাদিত হয়। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই সিমেন দ্বারা গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়। সিমেন কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্র থেকে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়ে বিভিন্ন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে উপ-পরিচালক (এ/আই) –এর তত্ত্বাবধানে সরবরাহ করা হয়ে থাকে । | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ২ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়ণে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ৩ | ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে এ কার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ৪ | সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের সংখ্যা | সরকারি ০৮ টি গো-প্রজনন ও দুগ্ধ খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। তাছাড়া বাগেরহাট জেলায় অবস্থিত একটি সরকারি মহিষ উন্নয়ন খামারেও মাংস ও দুধ উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে মহিষের গাভির বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৫ | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বাছুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচী/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৬ | সরকারি খামারে ছাগলের বাচ্চার উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সরকারি ০৭ টি ছাগল উন্নয়ন খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ব্লাকবেঙ্গল ছাগলের বাচ্চা উৎপাদন, পালন এবং পরবর্তীতে মাঠ পর্যায়ে ছাগলের প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন এবং উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৭ | সরকারি খামারে একদিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সরকারি হাঁস-মুরগি খামারে উৎপাদিত একদিনের হাঁস-মুরগির বাচ্চা পোল্ট্রি খামার সম্প্রসারণে সরবরাহ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ৮ | সরকারিভাবে পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুনা | পশুখাদ্যের গুণগত মান সমুন্নত রাখার লক্ষ্যে প্রাণী পুষ্টি গবেষণাগার এবং জেলা প্রাণী হাসপাতালের প্রাণিপুষ্টি মিনি গবেষণাগারে পশুখাদ্যের নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণ করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে গবেষণাগার প্রয়োজন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৯ | সরকারিভাবে টিকা উৎপাদন | উৎপাদিত টিকা | উৎপাদিত টীকা গবাদিপশু ও পাখির বিভিন্ন মারাত্মক রোগের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১৭ প্রকারের টীকা উৎপাদন ও মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ১০ | সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টীকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টীকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১১ | রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুনা | ১ টি কেন্দ্রীয় প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার এবং ৭ টি আঞ্চলিক প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগারে গবাদিপশু-পাখির রোগ নির্ণয়ের লক্ষ্যে নমুনা পরীক্ষা করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১২ | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশুর | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ১৩ | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ১৪ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে বিভিন্ন প্রকার নমুনা সংগ্রহ করে সিডিআইএল বা নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৫ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৬ | খামারী প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারী | মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৭ | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে সাধারন উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি ও উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি ও উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৮ | ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৯ | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২০ | খামার রেজিষ্ট্রেশন (পোল্ট্রি) | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক পোল্ট্রি খামারের (ব্রয়লার,লেয়ার, হাঁস, হ্যাচারী/প্যারেন্টস্টক) রেজিষ্ট্রেশন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২১ | খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু) | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক গরু-ছাগল/ভেড়া ও মহিষের খামারের রেজিষ্ট্রেশন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২২ | ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিষ্ট্রেশন | রেজিষ্ট্রিকৃত ফিডমিল এবং প্রতিষ্ঠান | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ফিডমিল, ভিটামিন মিনারেল প্রিমিক্স, ফিড এডিটিভস ও অন্যান্য পশুখাদ্য আমদানী, রপ্তানী ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানকে রেজিষ্ট্রেশন প্রদান ও নবায়ন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২৩ | পশুখাদ্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিজাত পণ্য, পশুখাদ্যের ভেজাল, বিভিন্ন রাসায়নিক অপদ্রব্য বা ফরমালিন মিশ্রিতকরণ রোধে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাহী ম্যাজিষ্ট্রেট এবং পুলিশ/র‍্যাব বাহিনীর সদস্যদের সহগযোগিতায় হাট-বাজার, পশুখাদ্য মজুদাগার, পশুখাদ্য কারখানা, প্রাণিজাত পণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান প্রভৃতি স্থানে অভিযান পরিচালনা করা হয়। | ডি.এল.এস, এম.ও.এফ.এল এবং উপজেলা ও জেলা প্রশাসন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, ডিএলএসের বার্ষিক প্রতিবেদন | ম্যাজিষ্ট্রেট ও পুলিশ প্রশাসনের সহযোগিতা প্রয়োজন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাগণকে Cognizance ক্ষমতা প্রদান প্রয়োজন। |
| ২৪ | সরকারিভাবে প্রজনন পাঁঠা বিতরন | বিতরনকৃত পাঁঠা | প্রাকৃতিক ছাগী প্রজননের জন্যে উদ্যোগী খামারীদেরকে সরকারি ছাগল উন্নয়ণ খামার হতে প্রজনন উপযোগী ব্লাকবেঙ্গল পাঁঠা বিতরণ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২৫ | সরকারিভাবে কেনডিডেট বুল তৈরী | তৈরীকৃত বুল | অধিক জেনিটিক গুণাগুণ সম্পন্ন এবং দেশের আবহাওয়া উপযোগী গবাদিপশুর জাত উন্নয়ণে প্রভেন বুল তৈরী করা প্রয়োজন। এ জন্যে মাঠ পর্যায় থেকে যাচাই বাছাই করে অধিক জেনেটিক গুণাগুণ সম্পন্ন ষাঁড় বাছুর সংগ্রহ করে কেনডিডেট বুল (প্রজনন উপযোগী ষাঁড়) তৈরী করা হয়। যা থেকে সিমেন সংগ্রহ করে কৃত্রিম প্রজনন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন, প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্পের কার্যক্রম |

৫

## সংযোজনী -৩: কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| সরকারি | মন্ত্রিপরিষদ বিভাগ ও জননিরাপত্তা বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | পশুখাদ্য আইন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | সহযোগিতা অব্যাহত থাকা এবং বৃদ্ধিকরণ | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহন আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া সাপেক্ষে অধিক সংখ্যক অভিযান পরিচালনা করা যাবে। |